গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৭.৫২০০.০১৮.০৪.০১০.১৬. ২৬৪

তারিখ : ২৫ ফাল্গুন ১৪৩১ / ১০ মার্চ ২০২৫

পাথর মহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

লালমনিরহাট জেলার ইজারাযোগ্য ০৯ (নয়) টি পাথর মহাল ০১ বৈশাখ ১৪৩২ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বাংলা সন পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। পাথর মহালের তফসিল, সরকারি কাঙ্খিত ইজারামূল্য, সিডিউল মূল্য, দরপত্রের শর্তাবলী এবং অন্যান্য তথ্য এ কার্যালয়ের ওয়েবসাইটে (www.lalmonirhat.gov.bd), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইটে (www.bomd.gov.bd) এবং রাজস্ব শাখায় পাওয়া যাবে।

সিডিউল বিক্রয়কারী এবং দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা : ১) জেলা প্রশাকের কার্যালয় (রাজস্ব শাখা), লালমনিরহাট।
২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাটগ্রাম, লালমনিরহাট।

সিডিউল বিক্রয়/দরপত্র গ্রহণ/দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়:

পর্যায়	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলা ও খাম উন্মুক্তকরণের তারিখ ও সময়	মন্তব্য
১ম	২০/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ অফিস চলাকালীন পর্যন্ত	২৩/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত	২৩/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ বেলা ২:০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)	যে পর্যায়ে দরপত্র গৃহীত হবে তার পরবর্তী পর্যায়ে বর্ণিত তফসিল বাতিল বলে গণ্য হবে।
২য়	০৬/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ অফিস চলাকালীন পর্যন্ত	০৭/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত	০৭/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ বেলা ২:০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)	
৩য়	০৯/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ অফিস চলাকালীন পর্যন্ত	১০/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত	১৬/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ বেলা ২:০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)	

উল্লেখ্য, বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ পর্যন্ত প্রতি সিডিউলের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো ঢাকা এর অনুকূলে নিম্নবর্ণিত কোডে জমা করে চালানের মূলকপি দাখিলপূর্বক সিডিউল সংগ্রহ করতে হবে। নগদমূল্যে কোন সিডিউল সরবরাহ করা হবে না।

কোড | ১ | | ৪ | ২ | ৪ | ১ | | ০ | ০ | ০ | ০ | | ২ | ৬ | ৮ | ১ |

১০.৩.২৫

এইচ এম রকিব হায়দার
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
ইমেল: dclalmonirhat@mopa.gov.bd

CamScanner

স্মারক নম্বর- ০৫.৪৭.৫২০০.০১৮.০৪.০১০.১৬. ২৬৪

তারিখ : ২৫ ফাল্গুন ১৪৩১ / ১০ মার্চ ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। মহাপরিচালক, বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা।
৬। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

অবগতি ও বহুল প্রচারের জন্য:

১। পুলিশ সুপার, লালমনিরহাট।
২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট।
৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, লালমনিরহাট।
৪। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট।
৫। উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
৬। সহকারী কমিশনার (ভূমি), পাটগ্রাম, লালমনিরহাট।
৭। সহকারী বন সংরক্ষক, লালমনিরহাট।
৮। সহকারী প্রোগামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯। সভাপতি/সম্পাদক, জেলা পাথর বালি সমিতি, লালমনিরহাট।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... (সকল), পাটগ্রাম, লালমনিরহাট।
১১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন। (মাধ্যম: জেলা প্রতিনিধি, লালমনিরহাট)। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় (৫× ৪ ইঞ্চি =২০ ইঞ্চি ০১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ....। (মাধ্যম: জেলা প্রতিনিধি, লালমনিরহাট)। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় (৫× ৪ ইঞ্চি =২০ ইঞ্চি ০১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। অফিস কপি।

১০.০৩.২৫

মোঃ আল-আমিন
রেভিনিউ ডেপুটি কালেক্টর
লালমনিরহাট
ইমেইল: rdclalmonirhat@mopa.gov.bd

CamScanner

পাথর মহাল ইজারা সংক্রান্ত শর্তাবলী

০১	বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ পর্যন্ত প্রতি দরপত্রের জন্য ১০০০/-(এক হাজার) টাকা আবেদন ফি (সিডিউলের মূল্য) বাবদ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো ঢাকা এর অনুকূলে কোড নং-১/৪২৪১/০০০০/২৬৮১- এ ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানের মূল কপি দাখিল সাপেক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাটগ্রাম, লালমনিরহাট হতে দরপত্র (সিডিউল) পাওয়া যাবে।
০২	প্রতিটি পাথর কোয়ারির জন্য পৃথক পৃথক দরপত্র সীলমোহরকৃত খামে নির্ধারিত দিনপঞ্জি মোতাবেক দাখিল করতে হবে। খামের উপরে বিক্রেয় পাথর কোয়ারির নাম স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স (হালনাগাদকৃত), ভ্যাটের কাগজ, টিআইএনসহ আয়কর প্রদানের সনদপত্র, তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।
০৩	জেলা প্রশাসক, লালমনিরহাট এর অনুকূলে দরতাতা কর্তৃক দাখিলকৃত দরের ২৫% হিসেবে আর্নেষ্টমানি জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। যোগ্য দরদাতা কর্তৃক আর্নেষ্টমানি বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে রক্ষিত থাকবে। যা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা হতে কোয়ারি ইজারা মঞ্জুরীপত্র ও কার্যাদেশ প্রাপ্তির পর ফেরত প্রদান করা হবে। তবে নির্ধারিত সময়ের মধ্যে মোট ইজারা অর্থ জমা দানে ব্যর্থ হলে বিধি অনুযায়ী তা সরাসরি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেষ্টমানি ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ফেরত প্রদান করা হবে।
০৪	যে সকল পাথর কোয়ারি উপর মন্ত্রণালয়/উচ্চ আদালত/দেওয়ানি আদালত বা অন্য কোন আদালত কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/ নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল পাথর কোয়ারির ইজারা স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এজন্য দেরীতে দখল বুঝে পাওয়ার অজুহাত দেখিয়ে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধির আবেদন সর্ব আদালতে আইনত অগ্রাহ্য হবে। এ ছাড়া কোন মহালের দাগের উপর মন্ত্রণালয়/ উচ্চ আদালত/দেওয়ানী আদালতের স্থগিতাদেশ/স্থিগিতাদেশ/স্থিতিবস্থার আদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় থাকলে তা উল্লেখ করা না হলেও উহা ইজারা বর্হিভূত থাকবে।
০৫	দরপত্রে উল্লিখিত দর অংকে ও কথায় লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি ও ঘষামাজা করা যাবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৬	সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর সরকার কর্তৃক ইজারা অনুমোদিত হলে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাকে ইজারা মূল্যের অর্থসহ প্রদত্ত দরের উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর প্রদান করতে হবে। বিধি অনুযায়ী পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা এর সাথে নিজ দায়িত্বে কোয়ারি ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন করত: ব্যুরো হতে ইজারা মঞ্জুরীপত্র ও কার্যাদেশ দেয়া হবে। যথাসময়ে সম্পূর্ণ ইজারামূল্য ও সরকারি অন্যান্য পাওনাদি পরিশোধে ব্যর্থতায় দাখিলকৃত আর্নেষ্টমানি বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৭	অনুমোদিত দরদাতা কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত পাথর কোয়ারি অন্যের নিট সাব-লীজ প্রদান করতে পারবেন না।
০৮	কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বাস্তবতার নিরিখে পাথর কোয়ারির তফসিল হ্রাস বা বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
০৯	দরপত্র যে পর্যায়ে যে সময়ে আহ্বান করা হোক না কেন তা ইজারা মঞ্জুরীর তারিখ হতে ১৪৩৩ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত সংশ্লিষ্ট পাথর কোয়ারির মেয়াদ বলবৎ থাকবে। ইজারা মঞ্জুরী প্রদানে বা দখল গ্রহণে বিলম্ব হয়েছে, বৃষ্টি না হওয়া, উজান হতে পাথর আসেনি, পানি প্রবাহে বাঁধ দেয়া বা বাঁধ না ছাড়ার কারণে পাথর কোয়ারি এলাকায় পাথর জমা হয়নি এরূপ অজুহাতে ইজারার মেয়াদ বর্ধিত করার আবেদন দাখিল করা যাবে না। এরূপ আবেদন সর্ব আদালতে অগ্রাহ্য হবে।
১০	প্রতি পর্যায়ে ইজারার জন্য গৃহীত দরপত্র ব্যতীত অবশিষ্ট পাথর কোয়ারিসমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। প্রতি পর্যায়ের অ-ইজারাকৃত পাথর কোয়ারিসমূহের তালিকা পরবর্তী পর্যায়ের আবেদন ফরম ক্রয়ের পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর রাজস্ব শাখা হতে জানা যাবে।
১১	ইজারা মঞ্জুরীর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কোয়ারির দখল ইজারা গ্রহীতার অনুকূলে হস্তান্তর করা হবে। ইজারা মঞ্জুরীর পূর্বে কোয়ারি হতে পাথর উত্তোলন করা যাবেনা। এরূপ উত্তোলন অবৈধ বলে গণ্য হবে। এছাড়া সরকার/কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পরিপত্র বা আদেশ বা নির্দেশ প্রতিপালন করতে হবে।
১২	ভূ-উপরিভাগ থেকে সর্বোচ্চ ৫ মিটার গভীরতা পর্যন্ত অযান্ত্রিক পদ্ধতিতে (কোদাল, শাবল, বালতি, ঝুড়ি) পরিকল্পিতভাবে পিট (কূপ বা গর্ত) খনন করে বালি মিশ্রিত পাথর উত্তোলন করা যাবে।
১৩	কোয়ারির অস্তিত্ব রক্ষা এবং পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বোমা মেশিন বা অন্য যে কোন যন্ত্রের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
১৪	সীমান্তবর্তী মহালের ক্ষেত্রে No Mans Land বা সীমান্ত রেখার ১৫০ গজের মধ্যে কোন পাথর উত্তোলন করা যাবে না।
১৫	বালু জমাট করে কোনভাবেই নদীর গতিপথ বন্ধ করা যাবে না। নদীর তীরবর্তী এলাকায় পিট (কূপ/গর্ত) খনন করে পাথর উত্তোলনের ক্ষেত্রে নদীর তীর ভাঙ্গন কিংবা নদীর গতিপথ পরিবর্তন হয় এমন কার্যক্রম হতে বিরত থাকতে হবে।
১৬	সড়ক মহাসড়ক এবং নদীতে সেতু/ব্রীজ থাকলে তার উভয় পার্শ্বে ১৫০ মিটারের মধ্যে পাথর উত্তোলন করা যাবে না। যাতে সেতু/ব্রীজের ক্ষতি সাধিত হয়।
১৭	সরকারের সিদ্ধান্ত মোতাবেক নদী খনন হলে খননকালে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
১৮	যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে দরপত্র কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র কিংবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান দরপত্রের যে কোন শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন করতে পারবেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০.৬.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

CamScanner

লালমনিরহাট জেলার পাথরমহালসমূহ ০১ বৈশাখ ১৪৩২ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দে ইজারা প্রদানের নিমিত্ত পাথরমহালের তফসিল ও সরকারি ইজারমূল্য

ক্র. নং	উপজেলার নাম	মৌজার নাম	পাথর মহালের নাম	খতিয়ান নং	দাগ (একরে)	জমির পরিমাণ (একরে)	ইজারামূল্য (টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	পাটগ্রাম	ইসলামপুর	ইসলামপুর পাথর মহাল	০১	৫০৮০,৫০৭৭,২০১৩,২০১৬,২১২৬	১৫	৬,১৪,২৫০/-
০২		আজিজপুর	আজিজপুর পাথর মহাল	০১	৩১৭৫	০৪.১৭	৩,১৫,৯০০/-
০৩		ব্যাংকান্দা	ব্যাংকান্দা পাথর মহাল	০১	১৬,৬৭,৭১৯,১৩৮৩,১৩৮১	১২	৪,৩৮,৭৫০/-
০৪		ধবলসতী	ধবলসতী পাথর মহাল	০১	১৮২৫	০৩.৫০	২,১০,৬০০/-
০৫		শমসেরপুর	শমসেরপুর পাথর মহাল	০১	১৩,১১১৬,২৫০৫,২৬২৪,২৯২৪,৩৫০৪,৩৫০৫	১৩	১,৯৩,০৫০/-
০৬		মোমিনপুর	মোমিনপুর পাথর মহাল	০১	১০৬,১১০,১৩৫,২০৭,২৩৯,২৩৭,১২৮৩	১২	১,৭৫,৫০০/-
০৭		জোংড়া	জোংড়া পাথর মহাল	০১	৪৯৫	০১.১৪	১,০৫,৩০০/-
০৮		উফারমার	উফারমার পাথর মহাল	০১	৭৩৮১,৭৩৯২,৭৫২৮,৭৫৪৮,৭৭৬৭,৮১২২, ৮৩৩৮,৭৪৮০,৭৪৮১	০৫.৫১	১,৭৫,৫০০/-
০৯		মির্জারকোট	মির্জারকোট পাথর মহাল	০১	২৭৪৩,২৬৬৩,১৮৫৭,১৮২৫,২৯২৫	০৬.৫৭	১,৪০,৪০০/-

০৬.০৬.২৫

(জি, আর, সারোয়ার)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
লালমনিরহাট

CS CamScanner